	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা কর্মসম্পাদন শাখা www.probashi.gov.bd	"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ড. আহমেদ মুনিরুছ সালেহীন, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
তারিখঃ ২৭-০৬-২০২২ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এবং এপিএ টিমলিডার সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন। তিনি বলেন যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ'তে ১০০ নম্বরের মধ্যে কৌশলগত অংশে ৪৮টি সূচকের বিপরীতে ৭০ নম্বর এবং ৫টি আবশ্যিক বিষয়ে (এনআইএস, জিআরএস, তথ্য অধিকার, সিটিজেন চার্টার ও ই-গর্ভনেন্স) ৩০ নম্বর রয়েছে। কৌশলগত অংশে ৪৮টি সূচক মন্ত্রণালয়ের ৮টি অনুবিভাগ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং অধিকাংশ সূচক ইতোমধ্যে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। শুধু ২টি সূচক শতভাগ বাস্তবায়ন হবে না মর্মে প্রতীয়মান হচ্ছে। তিনি আরো জানান যে, ৩০ জুন পর্যন্ত সকল অনুবিভাগ হতে যথাযথ প্রমাণকসহ চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রির মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সভার এ পর্যায়ে ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ'র ৪৮টি সূচকের অগ্রগতি উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব'কে (কর্মসম্পাদন) অনুরোধ জানানো হয়। ৮টি অনুবিভাগের মাধ্যমে বাস্তবায়িত ৪৮টি সূচকের সর্বশেষ অগ্রগতি সভায় বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়।

০২। সভায় ৮টি অনুবিভাগের মাধ্যমে বাস্তবায়িত ৪৮টি সূচকের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) প্রশাসন অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
১.	[১.৫.৩] আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন	তারিখ	১৮/১২/২০২১	১৮/১২/২০২১	আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপনের সকল প্রমাণকসমূহ প্রশাসন শাখা হতে প্রেরণ নিশ্চিত করতে হবে।
২.	[৩.১.১] দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি	%	৯০	৯০%	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক হিসাব শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৩.	[৪.১.২] টিটিসি ও আইএমটি অভ্যন্তরীন নিরীক্ষা ও মূল্যায়ন	%	৩০	৩০%	
৪.	[৩.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	৪০	২টি	**হিসাব শাখা হতে সূচকটি শতভাগ অর্জন না হওয়ার লিখিত ব্যাখ্যা প্রদান করতে হবে।**
৫.	[৩.২.৩] মন্ত্রণালয়ের সম্পাদিত কাজের ডিজিটাল আর্কাইভ প্রস্তুত	তারিখ	৩০/০৪/২২	৩০/০৪/২২	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক আইটি শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(খ) প্রশিক্ষণ অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৬.	[১.৫.১] দক্ষতা উন্নয়ন ও পুনর্বাসনের জন্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীসহ অভীষ্ট জনগোষ্ঠীর সাথে জনসংযোগ	সংখ্যা	৩০	৩৮টি	বিএমইটি'র মহাপরিচালকের প্রত্যয়নসহ মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক প্রশিক্ষণ অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৭.	[১.৫.২] জেলায় টিটিসি/আইএমটি/ডিইএমওতে নিরাপদ অভিবাসন ও দক্ষতা বিষয়ক সেমিনার আয়োজন	সংখ্যা	৬৯	৭০টি	
৮.	[৪.২.১] পুরুষ ও নারী কর্মীকে প্রশিক্ষণ প্রদান	সংখ্যা হাজার	৪.১০ লক্ষ	৫.৩৮ লক্ষ	
৯.	[৪.৩.২] RPL প্রদান	সংখ্যা	৪০০ জন	৫৭৭৪ জন	
১০.	[৪.৩.৩] কারিগরি দক্ষতা ও ভাষা দক্ষতা সংক্রান্ত আন্তর্জাতিক সনদায়ন	জন	৩০০ জন	৫৯১ জন	
১১.	[১.৫.৪] NTVQF সম্পর্কে সচেতন করতে বেসরকারি সংগঠনের সাথে সভা আয়োজিত	সংখ্যা	৮টি	৮টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক প্রশিক্ষণ অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
১২.	[৪.১.১] ওটিসি এর স্থানীয় অফিস পরিদর্শনের সিদ্ধান্ত বাস্তবায়ন	%	১০০ (৭টি)	১০০%	
১৩.	[৪.১.৩] বিএমইটি'র প্রশিক্ষণ নির্দেশমালা, ২০২১ প্রণয়ন	তারিখ	৩০/০৪/২২	৩১/০৩/২০২২	
১৪.	[১.৫.৫] টিভিসি/লিফলেট/ইলেক্ট্রনিক্স মিডিয়ায় প্রচার	সংখ্যা	৫০০০	১৬৮০০০টি	
১৫.	[৪.৩.৪] মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বিশেষ লার্নিং সেশনসহ আয়োজন	সংখ্যা/টি	৬টি	৬টি	
১৬.	[৪.৩.১] e-RPL infrastructure development	তারিখ	৩১/১২/২১	চলমান	নির্ধারিত তারিখের মধ্যে e-RPL infrastructure development না হওয়ার লিখিত ব্যাখ্যা প্রশিক্ষণ অনুবিভাগ প্রদান করবে।

(গ) মিশন ও কল্যাণ অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
১৭.	[১.৩.১] নারী কর্মীসহ অভিবাসী কর্মীদের যাবতীয় সমস্যা ও অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণকৃত	%	১০০	৯৯.৬৬%	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক মিশন শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
১৮.	[১.৩.২] সহায়তা প্রত্যাশী প্রবাসী কর্মীদের প্রদত্ত আইনি সহায়তা	%	১০০	৯৯.৫১%	
১৯.	[১.৪.১] প্রবাসী কর্মীদের বিশেষ সহায়তা প্রদানের বিষয়ে অংশীজনের সভা এবং বিদেশী রিক্রুটিং এজেন্ট/নিয়োগকারীদের সাথে সভা আয়োজন	সংখ্যা	৯৭৬টি	১৫৫৩টি	

(পৃষ্ঠা-২)

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
২০.	[২.২.২] পরিদর্শনকৃত শ্রম আবাসন, ক্যাম্প, কোর্ট, জেলখানা, হাসপাতাল ও কারখানা	সংখ্যা	৩৪০০টি	৪৩৫৯টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক মিশন শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
২১.	[৫.১.৩] আয়োজিত প্রচার কার্যক্রম/সভা, ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ায় প্রচার	সংখ্যা	৭৬টি	২২৬টি	
২২.	[৫.১.৫] বিদেশে অবস্থিত সংগঠনসমূহের সাথে উদ্বুদ্ধকরণ সভা (অন/অফ লাইন) অনুষ্ঠিত	সংখ্যা	৭৫০টি	৯৯০টি	
২৩.	[২.২.১] মন্ত্রণালয় কর্তৃক মিশনের শ্রম উইং পরিদর্শন ও অভ্যন্তরীণ অডিটকৃত	৩০	৩.২%	৩০%	**৩০% লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৯টি মিশন পরিদর্শনের লক্ষ্যে জি.ও জারী করা হয়। ৫টি মিশন পরিদর্শন করা সম্ভব হলেও অর্থ বিভাগের বিদেশ সফর বাতিল সংক্রান্ত পরিপত্র জারী হওয়ায় ৪টি মিশন পরিদর্শন করা সম্ভব হয়নি। এ সকল তথ্যাদি উল্লেখপূর্বক মিশন শাখা হতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।**
২৪.	[১.২.২] প্রত্যাগত কর্মীদের পুনর্বাসনের উদ্যোগ গৃহীত	%	১০০	১০০%	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক কল্যাণ শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
২৫.	[১.২.৩] কোভিড-১৯ এ উদ্ভুত পরিস্থিতিতে বিদেশ ফেরত কর্মীদের ডাটাবেজে নিবন্ধনকৃত	%	১০০	১০০%	
২৬.	[১.২.৪] মুজিববর্ষ উপলক্ষ্যে বিদেশে বাংলাদেশ মিশনে ০৫টি স্কুল প্রতিষ্ঠার গৃহীত উদ্যোগের বাস্তবায়নের অগ্রগতি	%	২০	৭০%	
২৭.	[৫.১.১] বাণিজ্যক গুরুত্বপূর্ণ ব্যক্তি (রিক্রুটিং এজেন্ট) নির্বাচন নীতিমালা, ২০২০ এর চূড়ান্তকরণ	তারিখ	৩১/১২/২১	২৫/০৮/২১	
২৮.	[৫.১.২] প্রবাসী বাংলাদেশি কর্মীদের সেবা সহজীকরণের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থার দায়িত্বাবলী সম্পর্কিত গাইডলাইনের খসড়া প্রস্তুতকৃত	তারিখ	৩১/১২/২১	১৭/১১/২১	
২৯.	[৫.১.৪] সিআইপি (অনিবাসী বাংলাদেশি) ২০১৯ এর সম্মাননা প্রদান	তারিখ	১৮/১২/২১	১৮/১২/২১	

(ঘ) কর্মসংস্থান অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৩০.	[১.১.১] ভিসা/চাহিদা পত্র যাচাইকৃত /সত্যায়নকৃত (অনলাইনসহ)	%	১০০	১০০%	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক কর্মসংস্থান অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৩১.	[১.১.২] চাহিদাপত্রে উল্লিখিত সেবাসমূহের শর্তাবলী পরিদর্শনের মাধ্যমে যাচাইকৃত	%	১০০	১০০%	
৩২.	[২.১.৩] নতুন শ্রমবাজারে কর্মী প্রেরণের জন্য সম্ভাব্যতা যাচাই সমাপ্ত	সংখ্যা	৩টি	৩টি	

(পৃষ্ঠা-৩)

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৩৩.	[২.১.১] বিদেশে সরকারী ও বেসরকারী উদ্যোগে কর্মী প্রেরণ	সংখ্যা	৪টি	৪টি	নতুন শ্রম বাজার হিসেবে বলিভিয়া, সাইপ্রাস, আলবেনিয়া, সার্বিয়ায় ৩৫৫ জন কর্মী প্রেরণ করা হয়। তাছাড়া নতুন শ্রম বাজার অনুসন্ধানের জন্য ৩টি দেশের (ব্রুনাই, রাশিয়া ও আলবেনিয়া) উপর সম্ভাব্যতা যাচাই করা হয়েছে।
৩৪.	[২.১.৪] চুক্তি/ সমঝোতা স্মারক সংক্রান্ত সভা অনুষ্ঠিত	সংখ্যা	৭টি	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক কর্মসংস্থান অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৩৫.	[২.১.৫] বিএমইটি পরিচালিত বিদেশ গমণেচ্ছু কর্মীর DATA BANK এর আপডেট নিশ্চিত করণ	সংখ্যা	৪টি	৪টি	
৩৬.	২.৪.১] অভিবাসন ব্যয় হ্রাসের লক্ষ্যে অংশীজনের সভা অনুষ্ঠিত	সংখ্যা	৬টি	৬টি	
৩৭.	[২.৪.৩] মুজিববর্ষ উপলক্ষ্যে সরকারি চ্যানেলে বিনা অভিবাসন ব্যয়ে জাপান ও জর্ডানে কর্মী প্রেরণ	সংখ্যা	৪০ জন	৬০ জন	
৩৮.	[২.৪.২] মুজিববর্ষ উপলক্ষ্যে সরকারি চ্যানেলে স্বল্প ব্যয়ে নিরাপদ কর্মসংস্থান বৃদ্ধি	সংখ্যা	৬৬০০	৯১৫০টি	বোয়েসেল কর্তৃক জর্ডান, সিশেলস, হংকং, দক্ষিণ কোরিয়া'তে ৯১৫০ জন কর্মী প্রেরণ করা হয়েছে। বোয়েসেল'র এমডি'র প্রত্যয়নসহ মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক কর্মসংস্থান অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(ঙ) মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৩৯.	[১.৬.১] নির্ধারিত স্বাস্থ্য পরীক্ষাকেন্দ্রে স্থাপিত অভিযোগ বক্সসহ স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্র নিয়মিত পরিবীক্ষণ	সংখ্যা	১৬টি	১৯টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক এনফোর্সমেন্ট শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৪০.	[২.২.৩] ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির সভা আয়োজন ও জেলা/উপজেলা পর্যায়ে গঠিত কমিটির কার্যক্রম মনিটরিং	সংখ্যা	৬টি	৯টি	
৪১.	[২.৩.১] রিক্রুটিং এজেন্সীর বিরুদ্ধে প্রাপ্ত আবেদনকৃত অভিযোগ তদন্ত সাপেক্ষে নিষ্পত্তিকৃত	%	১০০	১০০%	
৪২.	[৩.২.২] মোবাইল কোর্ট পরিচালনা এবং মন্ত্রণালয়ের বিদ্যমান মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত	সংখ্যা	২০টি	২১টি	
৪৩.	[২.৩.২] রিক্রুটিং লাইসেন্স নবায়ন, নতুন লাইসেন্স প্রদান এবং রিক্রুটিং এজেন্সির অফিস স্থান ও মর্যাদা পরিবর্তন সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকৃত	%	১০০	১০০%	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক মনিটরিং শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(পৃষ্ঠা-৪)

(চ) পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৪৪.	[৩.২.১] নির্মাণাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সরেজমিনে/ অনলাইনে পরিদর্শন/মনিটরিং	সংখ্যা	১৫টি	১৫টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক পরিকল্পনা শাখা হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(ছ) দপ্তর ও সংস্থা অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৪৫.	[৪.২.২] সরকারি কর্মকর্তা/কর্মচারী (বিএমইটি ও এর আওতাধীন দপ্তরসমূহ) খসড়া নিয়োগ বিধিমালা) (সংশোধিত) চূড়ান্তকরণ	তারিখ	৩০/০৪/২২	২৫/০১/২২	বিএমইটি ও এর আওতাধীন দপ্তরসমূহের খসড়া নিয়োগ বিধিমালা ২৫/০১/২২ তারিখে চূড়ান্ত করা হয় এবং তা অনুমোদনের জন্য ০৮/০২/২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(জ) গবেষণা ও নীতি অনুবিভাগঃ

ক্রমিক	সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	বার্ষিক অগ্রগতি	সিদ্ধান্ত
৪৬.	[২.১.২] বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টি, অভিবাসন ও শ্রমবাজার সংক্রান্ত গবেষণা সমাপ্তকরণ (অভ্যন্তরীণ ও বহিঃ)	সংখ্যা	৬	৬টি	মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক গবেষণা ও নীতি অনুবিভাগ হতে প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৪৭.	[৩.৩.১] শ্রম অভিবাসন সংক্রান্ত প্রতিবেদন প্রকাশ	তারিখ	৩০/০৪/২২	৩০/০৪/২২	
৪৮.	[১.২.১] প্রত্যাগত কর্মীদের পুন: একত্রিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	%	৮০	১০০%	

০৩। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ'র সকল সূচকের প্রমাণকসহ বার্ষিক অগ্রগতি প্রতিবেদন ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের কর্মসম্পাদন শাখায় প্রেরণ করার জন্য আবশ্যিক ৫টি বিষয়ের ফোকালপয়েন্ট কর্মকর্তা এবং অনুবিভাগ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সভাপতি নির্দেশনা দেন। উক্ত অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রির মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য কর্মসম্পাদন শাখার সিনিয়র সহকারী সচিব'কে নির্দেশনা প্রদান করেন।

০৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. আহমেদ মুনিরুছ সালেহীন)
সচিব